

তারিখ : সেপ্টেম্বর ০৭, ২০১৫
ভাদ্র ২৩, ১৪২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং- ০৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন,
সম্প্রসারণ ও স্থানান্তরের লক্ষ্যে বাড়ি/অফিস ভাড়া প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ : জুন ২৮, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা
যাচ্ছে ।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো আর্থিক প্রতিষ্ঠান নতুন শাখা খোলার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের লিখিত
অনুমোদন ব্যতিরেকেই বাড়ি ভাড়া চুক্তি সম্পাদন করে ভাড়া প্রদান করে আসছে, যা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ৭(১)
ধারায় বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট লংঘন। এক্ষেত্রে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়
সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের লিখিত অনুমোদন ব্যতীত কোনো
আর্থিক প্রতিষ্ঠান বাড়ি ভাড়া চুক্তি সম্পাদন বা ডেকোরেশন করা হতে বিরত থাকবে। উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী
অপরিবর্তিত থাকবে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৪৯